



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা, ১২০৯
www.pmeat.gov.bd




নং-৩৭.২৪.০০০০.০০০.০০৩.৩২.০০০১.২৬-৯৭

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ মে ২০২৬ খ্রিস্টাব্দ

স্নাতক (পাস) ও সমমান পর্যায়ে ১ম বর্ষের শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন এন্ড্রির বিজ্ঞপ্তি ২০২৬

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২৩-২৪ (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয় এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত আর্থিকভাবে অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের 'স্নাতক ও সমমান পর্যায়ের উপবৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২' অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সূচি ও নির্দেশনা অনুসারে শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' <https://estipend.pmeat.gov.bd> লিংকে প্রবেশ করে নিম্নোল্লিখিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে:

- ক) স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে (ডিগ্রী ও ফাজিল ১ম বর্ষ) শিক্ষার্থীদের <https://estipend.pmeat.gov.bd> লিংকের মাধ্যমে অনলাইনে আবেদন করার তারিখ ও সময়: **১৭ মে ২০২৬ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ১৪ জুন ২০২৬ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।
- খ) সফটওয়্যারে এন্ড্রিকৃত শিক্ষার্থীদের আবেদনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীর উপস্থিতি ও বাছাই কমিটির রেজুলেশন সফটওয়্যারে আপলোড করে PMEAT'র 'ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম' এ forward করার তারিখ ও সময় **১৫ জুন ২০২৬ খ্রি. সকাল ০৯:০০ টা থেকে ২১ জুন ২০২৬ খ্রি. রাত ১১:৫৯ টা** পর্যন্ত।
- গ) শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের www.pmeat.gov.bd ওয়েবসাইট এবং PMEAT'র ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
- ঘ) কার্যক্রমটি সম্পূর্ণ অনলাইন ভিত্তিক হওয়ায় আবেদনের হার্ড কপি ট্রাস্টে প্রেরণের প্রয়োজন নেই। স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের উপবৃত্তি সংক্রান্ত হেল্পলাইনঃ ০২-৫৫০০০৪২৮, ০১৭৭৮৯৫৮৩৫৬ ও ০১৭৭৮৯৬৪১৫৬ (অফিস চলাকালীন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ০৪:০০ টা পর্যন্ত)।



(স্মৃতি কর্মকার)

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫০০০৯২২

ই-মেইল: md@pmeat.gov.bd